

2021
BENGALI
[HONOURS]
Paper : VII

Full Marks : 100

Time : 4 Hours

*The figures in the right-hand margin indicate marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 5 = 5$
- ক) মহাশ্বেতাদেবী ‘অরণ্যের অধিকার’ উপন্যাসটি রচনার ক্ষেত্রে কোথা থেকে ঝণ গ্রহণ করেছেন?
- খ) সুহাসিনী পলের নিজস্ব বয়ানে পিতৃ পিতামহের যে পরিচয় প্রকাশিত তা লেখো।
- গ) শশাঙ্ক কবিরাজের প্রথমা স্তুর দেহাবসান কীভাবে হয়েছিল?
- ঘ) ‘চালাকী শিখেছিলে বটে, তবে শেষরক্ষা হল না’ — একথা কে, কাকে বলেছেন?
- ঙ) অমলা অপুকে ছাড়া কাকে দলে নিয়ে খেলতে চেয়েছিল?
- চ) দুর্গা পালিতদের বাগানে কিসের লোভে যেতে চেয়েছিল?
- ছ) নিতাইয়ের পিতা ও পিতামহের জীবিকা কী ছিল?
- জ) চেংটু খয়ারগাজীর বাড়িতে গেলে কোন্ পরিণতির আশঙ্কা করে?

২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 10 = 10$

- ক) ‘পথের পাঁচালী’ উপন্যাস কোন্ পত্রিকায়, কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল?
- খ) ‘Son of Dom – He is a poet’ – একথা কে, কোন্ প্রসঙ্গে বলেছেন?
- গ) ‘চাকরি-বাকরির কথা সব বলে ফেললাম, শুয়োরের বাচ্চারা আমার কেরিয়ার নষ্ট করে দেবে’ — একথা কে, কোন্ প্রসঙ্গে বলেছে?
- ঘ) ‘এই তোমার আপনার ঘর, তোমাকেই সব বুঝেসুরো নিতে হবে। আমাকে এইবার খালাস দাও’ — একথা কে, কাকে বলেছে? ‘খালাস’ কথাটির তাৎপর্য কী?
- ঙ) ‘কোথা যাবি তুই এই রেতে?’ — কে, কাকে এই প্রশ্ন করেছিল? প্রত্যন্তরে সে কী বলেছিল?
- চ) ‘তুমি এক মাসের ছুটি নাও ধীরেন’ — কেন এই ছুটির কথা ধীরেনকে বল্লা বলেছেন? ধীরেনের মানসিক অবস্থাটি বিবৃত করো।
- ছ) নোটন মোহন্তকে প্রশান্ত করে হাত বাঢ়াতে তিনি তাকে কী দিলেন? এরপর নোটন কী করলো?
- জ) ‘বিচারাধীন অবস্থায় তোমার মৃত্যুই ছিল অভিপ্রেত’ — কে, কার মৃত্যুর আশঙ্কা প্রকাশ করেছে?
- ঝ) ছেটনাগপুর অঞ্চলের নামকরণ কীভাবে হয়েছে?
- ঝঃ) প্রেমভঙ্গিচন্দ্রিকা বইটি কার ছিল? এই বইতে কী লেখা ছিল এবং বইটি তিনি কাকে কখন দিতে চেয়েছেন?

- ট) ‘উলঁগুলানের মরণ নাই’ এই চীৎকার কে করেছিল? তার পরিণতিই বা কী হয়েছিল?
- ঠ) শুভ্রা কে? কোথায় কীভাবে তার মৃত্যু হলো?
- ৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $6 \times 5 = 30$
- ক) ‘শশাঙ্ক কবিরাজের স্ত্রী’ গল্পটি পুরুষতান্ত্রিক সমাজের সংকটাপন্ন এক প্রতিচ্ছবি — আলোচনা করো।
- খ) ‘ভুখা ভগবান’ গল্পটির নামকরণের তাৎপর্য আলোচনা করো।
- গ) সংস্কারমুক্ত ধীরেন চরিত্রের অন্তর্সংকটটি উমোচন করো।
- ঘ) ‘কৌন্তেয়’ কথাটি সুবোধ ঘোষের এই গল্পে কী কারণে ব্যবহৃত? এই প্রসঙ্গে সুহাসিনী পলের চরিত্রটি বিশ্লেষণ করো।
- ঙ) ‘কবি’ উপন্যাসে ও নিতাইয়ের জীবনে বসন চরিত্রের গুরুত্ব আলোচনা করো।
- চ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে উপসংহার অংশের সংযোজনের যথার্থতা নির্দেশ করো।
- ছ) ‘পরের বাড়ি নিতান্ত পরাধীন অবস্থায় চোরের মত থাকা সর্বজয়ার জীবনে এই প্রথম’। — সর্বজয়ার জীবনের দুটি পর্বের তুলনামূলক আলোচনা করো।
- জ) ‘চিলেকোঠার সেপাই’ উপন্যাসে বিকারের মধ্যে যে কালের সংকট চিত্রিত তার পরিচয় দাও। কোন্ দৃষ্টিকোণে এই সংকট উদ্ঘাটিত হয়েছে?

- ৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $15 \times 3 = 45$
- ক) আখতারঞ্জামান ইলিয়াস মানুয়ের শ্রেণীগত অবস্থান ভেঙে ওসমানকে মুক্তিকামী মানুয়ের প্রতীক করে তুলেছেন — মন্তব্য প্রসঙ্গসহ বিশ্লেষণ করো।
- খ) ‘তাসের ঘর’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।
- গ) ‘শশাঙ্ক কবিরাজের স্ত্রী’ গল্পটির পরিণতিতে সতীশের আত্মচিন্তায় যে চমকটি শিল্পায়িত তা বিশ্লেষণ করো।
- ঘ) ‘অরণ্যের অধিকার’ আসলে ‘উলঁগুলান’ বা ‘জনজাগরণের আখ্যান’ — আলোচনা করো।
- ঙ) ‘কবি’ উপন্যাসে ঠাকুরঝি চরিত্রের অনুপবেশ ডোম নিতাইয়ের কবি হয়ে ওঠায় কতখানি গুরুত্বপূর্ণ তা আলোচনা করো।
- চ) “পথের পাঁচালী” নিম্নবিভিন্ন জীবন পরিসরে মর্ত্যপ্রাপ্তির এক অসামান্য দলিল’ — লেখকের রচনায় এই মর্ত্যপ্রাপ্তির সৌন্দর্যের কয়েকটি অনুষঙ্গ উদাহরণসহ বিশ্লেষণ করো।
-